

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মাঠ পর্যায়ের কার্যক্রম ই-মনিটরিং রিপোর্ট

১. ই-মনিটরিং এর তারিখ : ১৫/০৫/২০২৩ খ্রি।
২. ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী : মোসাঃ ফেরদৌসী বেগম
যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৩. ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম : “শিশুর জীবন সুরক্ষা ও দক্ষতা উন্নয়নে সাঁতার প্রশিক্ষণ” শীর্ষক
কর্মসূচি।
৪. ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী : জনাব মোঃ হারুন আর রশিদ, সমন্বয়কারী
শাপলা আকতার বন্যা, প্রশিক্ষক।
৫. ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিলক্ষিত বিষয়সমূহ : শিশুর জীবন সুরক্ষা ও দক্ষতা উন্নয়নে শিশুদের সাঁতার প্রশিক্ষণ।

অদ্য ১৫/০৫/২০২৩ তারিখ বেলা ১.০০ ঘটিকায় রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার নবাবপুর ইউনিয়নে ‘শিশুর জীবন সুরক্ষা ও দক্ষতা উন্নয়নে চলমান সাঁতার প্রশিক্ষণ’ কার্যক্রম ই-মনিটরিং করি। ই-মনিটরিং এ ১০জন প্রশিক্ষণার্থী, ১জন প্রশিক্ষক ও ১জন সমন্বয়কারীসহ মোট ১২জন উপস্থিত ছিলেন। শিশুর জীবন সুরক্ষা ও দক্ষতা উন্নয়নে শিশুদের সাঁতার প্রশিক্ষণ কার্যক্রম ১২ মার্চ, ২০২৩ থেকে চলমান রয়েছে। প্রতি ব্যাচের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের মেয়াদ ১০ দিন। প্রতি ব্যাচে ১০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। প্রশিক্ষণার্থীদের সাথে কথা বলে জানা যায় সাঁতার প্রশিক্ষণ যথাযথভাবে গ্রহণ করা হচ্ছে। এতে প্রশিক্ষণার্থীরা বেশ উপকৃত হচ্ছে।

৬. সুপারিশ/মন্তব্যঃ

- (ক) সাবধানতা অববলম্বন করে প্রশিক্ষণার্থীদের সাঁতার প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করা হয়।
- (খ) প্রশিক্ষণার্থী শিশুদের জন্মনিবন্ধন নম্বর ও পিতা/মাতার মোবাইল নম্বরসহ ডাটাবেইজ করার জন্য পরামর্শ দেয়া হয়।
- (গ) প্রশিক্ষণ কার্যক্রম সন্তোষজনক বলে প্রতীয়মান হয়।

(২০)

২০/৪/২০
মোসাঃ ফেরদৌসী বেগম
যুগ্মসচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার